# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯২৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে মুসলিম ব্যক্তিকে কন্যা সন্তান দিয়ে পরীক্ষা করা হয়, আর সে তাদের সাথে উত্তম আচরণ করে, তবে এর মাধ্যমে সে জাহান্নাম থেকে বাঁচতে পারবে (আমরা আল্লাহর কাছে জাহান্নাম থেকে পরিত্রাণ চাই)

ذِكْرُ الِاسْتِتَارِ مِنَ النَّارِ نَعُوذُ بِاللَّهِ مِنْهَا لِلْمُسْلِمِ إِذَا ابْتُلِيَ بِالْبَنَاتِ فَأَحْسَنَ صُحْبَتَهُنَّ

আরবী

2928 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ: أَنَّ عَائِشَةَ أَخْبَرَتْهُ أَنَّها دَخَلَتْ عَلَيْهَا امْرَأَةٌ مَعَها ابْنَتَانِ لَهَا تَسْتَطْعِمُ قَالَتْ: فَلَمْ تَجِدْ عِنْدِي إِلَّا تَمْرَةً وَاحِدَةً فَأَعْطَيْتُها إِيَّاهَا فَأَخَذَتْها فَشَقَّتْهَا بَيْنَ ابْنَتَيْهَا وَلَمْ تَأْكُلْ مِنْها شيئاً قَالَتْ: ثُمَّ قَامَتْ فَخَرَجَتْ وَدَخل عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْبَرْتُهُ خَبَرَهَا فَقَالَ: صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنِ ابْتُلِيَ بِشَيْءٍ مِنْ هَذِهِ الْبَنَاتِ فَأَحْسَنَ صحبتهنَّ كُنَّ لَهُ ستراً من النار)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2928 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (3143): ق.

বাংলা

২৯২৮. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন যে, তাঁর কাছে এক মহিলা তার দুই মেয়েকে নিয়ে আসে তাদের জন্য খাবার চাইতে। আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “কিন্তু তাকে দেওয়ার মতো আমার কাছে একটি খেজুর ছাড়া আর কিছুই ছিল না। ফলে আমি সেটাই তাকে দিয়ে দেই। সে খেজুরটি নিয়ে তা চিরে দুই ভাগ করে তার দুই মেয়েকে দেয়। সেখান থেকে নিজে কিছুই খায়নি।”

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “তারপর সে দাঁড়ায় এবং বের হয়ে চলে যায়। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে আসলে, আমি তাঁকে সেই মহিলার বৃত্তান্ত বর্ণনা করি। তখন তিনি বলেন, “যাকে এরকম কন্যা সন্তান দিয়ে পরীক্ষা করা হবে, অতঃপর সে তাদের সাথে উত্তম আচরণ করে, তবে তারা

তার জন্য জাহান্নামে যাওয়ার ক্ষেত্রে অন্তরায় হয়ে যাবে।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৩; তিরমিযী: ১৯১৩; সহীহুল বুখারী: ১৮১৪; সহীহ মুসলিম: ২৬২৯; সুনান বাইহাকী: ৭/৪৭৮; বাগাবী: ১৬১৮।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩১৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92258

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন